বাগেরহাট সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের অভিভাবক পরিষদের কমিটি গঠন

শেখ আজমল হোসেনকে আহবায়ক, আবুববকর সিদ্দিক ও খাদিজা খানম ডলিকে যুগ্ম-আহবায়ক করে বাগেরহাট সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের অভিভাবক পরিষদের কমিটি গঠন করা হয়েছে। রোববার (১২ জুন) দুপুরে বাগেরহাট প্রেসক্লাব অডিটরিয়ামে অনুষ্ঠিত বাগেরহাট সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের অভিভাবকদের এক সভায় সর্বসম্মতিক্রমে এই কমিটি গঠন করা হয়।

৭১ সদস্য বিশিষ্ট এই কমিটিতে মুর্শিদা জামানকে মহিলা প্রতিনিধি এবং এস এম সামছুর রহমানকে সদস্য সচিব মনোনিত করা হয়েছে।

এই কমিটির উপদেষ্টা হিসেবে রয়েছেন, বাগেরহাট প্রেসক্লাবের সভাপতি নীহার রঞ্জন সাহা, বাগেরহাট পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর আলহাজ¦ তালুকদার আব্দুল বাকী, বাগেরহাট প্রেসক্লাবের সাবেক সভাপতি শেখ আহসানুল করিম, মোঃ দেলোয়ার হোসেন, সাংবাদিক খন্দকার আকমল উদ্দীন সাখি।

বক্তারা বলেন, তাদের সন্তানদের নানা প্রতিকূলতার মধ্যদিয়ে সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষা গ্রহন করতে হচ্ছে। তাই শিক্ষার সঠিক পরিবেশ ফিরিয়ে আনতে এই কমিটি কাজ করবে।